80

ভোরের কাগজ

তারিখ JUL. 1 1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

# কৃষি বিশ্ববিদ্যালয়ের ৩৯ কোটি টাকার বাজেট পেশ

## *শিক্ষা খাতে বরাদ্দ মাত্র ৩ কোটি*

**কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি :** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স কমিটির অধিবেশনে মঙ্গলবার ১৯৯৯-২০০০ অর্থ বছরের জন্য ৩৮ কোটি ৮৫ লাখ টাকার বাজেট অনুমোদনের জন্য সিন্ডিকেটের কাছে সুপারিশ করা হয়েছে।

উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় ফিন্যান্স কমিটির অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ফিন্যান্স কমিটির সচিব মোঃ ইদ্রিস আলী ১৯৯৯-২০০০ অর্থ বছরের মূল রিকাস্ট এবং ১৯৯৮-৯৯ অর্থ বছরের সংশোধিত রিকাস্ট বাজেট ব্যাখ্যামূলক বক্তব্যসহ উপস্থাপন করেন।

এতে ৫০ লাখ টাকা ঘাটতি দেখানো হয়েছে। ১৯৯৯-২০০০ অর্থ বছরের মূল বরাদ্দ (রিকাস্ট) ৩৮ কোটি ৮৫ লাখ টাকার মধ্যে বেতন-ভাতাদি খাতে, পেনশন, লিভারিজ, আয়কর, যৌথ বীমা, বিনোদন ভাতা, ছুটির বেতন ইত্যাদিসহ) ৩০ কোটি ৭৫ লাখ টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে ৫ কোটি ও শিক্ষা আনুষঙ্গিক খাতে মাত্র ৩ কোটি ১০ লাখ টাকা ধার্য করা হয়েছে।